

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকু এর সময় হাত তোলা।

باب مَا جَاءَ فِي رَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الرُّكُوعِ

আরবী

قَالَ أَبُو عِيسَى حَدَّثَنَا الْفَضِلْ بْنُ الصَّبَّاحِ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُييْنَةَ، حَدَّثَنَا الزُّهْرِيُّ، بِهَذَا الإِسْنَاد نَحْق حَدِيث ابْن أَبِي عُمَرَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُمَرَ، وَعَلِيّ، وَوَائِل بْن حُجْرِ، وَمَالِكِ بْن الْحُويْرِثِ، وَأَنسِ، وَأَبِي، هُرَيْرَةَ وَأَبِي حُمَيْدٍ وَأَبِي أَسَيْدٍ وَسَهْل بْن سَعْد وَمُحَمَّد بْن مَسْلَمَةَ وَأَبِي قَتَادَةَ وَأَبِي مُوسَى الْأَشْعَرِيِّ وَجَابِر وَعُمَيْر اللَّيْتِيّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْن عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَبِهَذَا يَقُولُ بَعْضُ أَهْل الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمُ ابْنُ عُمَرَ وَجَابِرُ بْنُ عَبْد اللَّهِ وَأَبُو هُرَيْرَةَ وَأَنَسٌ وَابْنُ عَبَّاسٍ وَعَبْدُ اللَّهِ بْنُ الزُّبَيْرِ وَغَيْرُهُمْ وَمِنَ التَّابِعِينَ الْحَسَنُ الْبَصْرِيُّ وَعَطَاءٌ وَطَاوُسٌ وَمُجَاهِدٌ وَنَافِعٌ وَسَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ وَسَعِيدُ بْنُ جُبَيْرِ وَغَيْرُهُمْ . وَبِهِ يَقُولُ مَالِكٌ وَمَعْمَرٌ وَالأَوْزَاعِيُّ وَابْنُ عُيَيْنَةَ وَعَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَك وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ. وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ قَدْ تَبَتَ حَدِيثُ مَنْ يَرْفَعُ يَدَيْهِ وَذَكَرَ حَدِيثَ الزُّهْرِيّ عَنْ سَالِم عَنْ أَبِيهِ وَلَمْ يَثْبُتْ حَدِيثُ ابْنِ مَسْعُود أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم لَمْ يَرْفَعْ يَدَيْهِ إِلاَّ فِي أُوَّل مَرَّةٍ . حَدَّثَنَا بِذَلِكَ أَحْمَدُ بْنُ عَبْدَةَ الآمُلِيُّ حَدَّثَنَا وَهْبُ بْنُ زَمْعَةَ عَنْ سُفْيَانَ بْن عَبْد الْمَلِك عَنْ عَبْد اللَّهِ بْنِ الْمُبَارَك . قَالَ وَحَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى قَالَ حَدَّثَنَا إسْمَاعِيلُ بْنُ أَبِي أُوَيْسِ قَالَ كَانَ مَالِكُ بْنُ أَنْسِ يَرَى رَفْعَ الْيَدَيْنِ فِي الصَّلاَةِ . وَقَالَ يَحْيَى وَحَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ كَانَ مَعْمَرٌ يَرَى رَفْعَ الْيَدَيْنِ فِي الصَّلاَةِ. وَسَمِعْتُ الْجَارُودَ بْنَ مُعَاذٍ يَقُولُ كَانَ سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ وَعُمَرُ بْنُ هَارُونَ وَالنَّصْرُ بْنُ شُمَيْلِ يَرْفَعُونَ أَيْدِيَهُمْ إِذَا افْتَتَحُوا الصَّلاةَ وَإِذَا رَكَعُوا وَإِذَا رَفَعُوا رُءُوسَهُمْ.

বাংলা



২৫৬. ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ফাযল ইবনুস সাববাহ আল বাগদাদী (রহঃ) ও সুফইয়ান ইবনু উয়ায়না যুহরী (রহঃ) এর সনদে ইবনু আবী উমারের অনুরূপ এই হাদিসটি রিওয়ায়াত করেছেন। এই বিষয়ে উমর আলী ওয়াইল ইবনু হুজর, মালিক ইবনুল হুওয়ায়রিছ, আনাস, আবৃ হুরায়রা, আবৃ হুমায়দ, আবৃ ইসায়দ, সাহল ইবনু সা'দ, মুহাম্মাদ বিন মাসলামা, আবৃ কাতাদা আবৃ মূসা আল আশআরী, জাবির, উমায়র আল লায়ছী রাদিয়াল্লাহু আনহ থেকেও হাদিসটি বর্ণিত রয়েছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ।

ইবনু উমর, জাবির ইবনু আবদিল্লাহ, আবৃ হুরায়রা, আনাস, ইবনু আব্বাস, আবদুল্লাহ ইবনুয যুবায়র রাদিয়াল্লাহু আনহুম প্রমুখ সাহাবী, হাসান বসরী, আতা, তাউস, মুজাহিদ, নাফি, সালিম ইবনু আবদিল্লাহ সাঈদ ইবনু জুবায়র (রহঃ) প্রমুখ তাবিঈ এই অভিমত ব্যাক্ত করেছেন। আবদুল্লাহ ইবনু মুবারক, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) এর অভিমত ও এ-ই। আবদুল্লাহ ইবনু মুবারক (রহঃ) বলেছেন যুহরী সালিম ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু সনদে বর্ণিত হাত তোলা সম্পর্কিত হাদিসটি প্রমাণিত ও সঠিক। কিন্তু প্রথমবার অর্থাৎ তাকবীরে তাহরীম ব্যতীত অন্যস্থানে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাত তুলেননি বলে ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি প্রমাণিত নয়।

আহমদ ইবনু আবদা আল আমুলী (রহঃ) তাঁর সনদে ইবনু মুবারকের উক্ত বক্তব্যটি বর্ণনা করেছেন। ইয়াইয়া ইবনু মূসা বলেন যে, ইসমাঈল ইবনু আবী উওয়ায়স বলেছেন ইমাম মালিক ইবনু আনাস (রহঃ) সালাতে (রুকৃতে যাওয়া ও তা থেকে উঠার সময়) হাত তোলার অভিমত দিতেন। আবদুর রাজ্জাক বলেছেন মা'মার (রহঃ) সালাতের (উক্তক্ষেত্রে) হাত তোলার পক্ষপাতি ছিলেন। জারূদ ইবনু মু'আযকে বলতে শুনেছি যে, সুফাইয়ান ইবনু উয়ায়ানা, উমর ইবনু হারুন, নযর ইবনু শুমায়ল (রহঃ) ও সালাতের শুরুতে এবং রুকৃর সময় এবং তা থেকে মাথা তোলার সময় হাত তুলতেন। - তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৬ [আল মাদানী প্রকাশনী]

English

Salim narrated: Same as (above) with a different chain

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন